গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন ও শৃঙ্খলা শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৮.৫০.০০০৩.১৭.৪৯৩

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: **মন্ত্রিপরিষদ বিভাগের কোটাভুক্ত বাসা/ফ্লাটে সাবলেট/ভাড়া বন্ধকরণ**

সরকারী আবাসন পরিদপ্তর কর্তৃক ২৯ অক্টোবর ২০২৬ তারিখের ২৫.৪৩.০০০০.০০০.০০১.০৩.০০০১.২২.৫১ সংখ্যক স্মারকে সরকারী আবাসন পরিদপ্তরের অধীন বাসা/ফ্লাটে সাবলেট/ভাড়া বন্ধকরণ বিষয়ক গণবিজ্ঞপ্তি এবং মন্ত্রিপরিষদ বিভাগের কোটাভুক্ত বাসা বরাদ্দ কমিটির ৯ নভেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের কোটাভুক্ত কোনো বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপক কর্তৃক তাঁর নামে বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের সম্পূর্ণ বা আংশিক (এক বা একাধিক রুমসহ) কোনোভাবেই সাবলেট/ভাড়া প্রদান করতে পারবেন না। যাঁরা ইতোমধ্যে সাবলেট/ভাড়া প্রদান করেছেন, তাঁদেরকে আগামী ৩১.১১.২০২৬ তারিখের মধ্যে সাবলেট/ভাড়াটিয়াকে আবশ্যিকভাবে অপসারণপূর্বক যথানিয়মে বরাদ্দকৃত বাসায় অবস্থান/ বসবাস করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কোনো বাসায় সাবলেট/ভাড়া পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের বরাদ্দ বাতিলসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫-১১-২০২৬
মো. ইমরান হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৬৬৪১০৫২
ইমেইল : adm_dis_section@cabinet.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও বিধি অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, মন্ত্রিপরিষদ বিভাগ।